

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৬ খ্রি:

নং ২২.০০.০০০০.০৬৬.৫১.০২২.১৬-৩২১—যেহেতু কক্সবাজার দক্ষিণ বন বিভাগের আওতাধীন নিম্ন তফসিলভুক্ত সংরক্ষিত বন সরকার কর্তৃক জালিয়ারদ্বীপ অর্থনৈতিক অঞ্চল “নাফ ট্যুরিজম পার্ক” এর কাজে ব্যবহার করার উদ্দেশ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর অনুকূলে ব্যবহারের অনুমতি প্রদানের নিমিত্ত ডি-রিজার্ভ করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে, সেহেতু বন আইন, ১৯২৭ (১৯২৭ সনের ১৬ নং আইন) (২০০০ সনে সংশোধিত) এর ২৭ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বর্ণিত ভূমি গেজেট নোটিফিকেশন নং- 5153F dated-15 May, 1907 (The Eastern Bengal And Assam Gazette, 25 May, 1907 এ প্রকাশিত) মূলে অন্যান্য বনভূমির সাথে সংরক্ষিত বন ঘোষণা করা হয়েছিল, তা এ বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আর সংরক্ষিত বন হিসেবে গণ্য হবে না।

তফসিল

জেলা	উপজেলা	মৌজা	দাগ নং	ভূমির পরিমাণ (একর)
কক্সবাজার	টেকনাফ	রিজার্ভ টেকনাফ	আর.এস ১৬২, বি.এস ৫০৬	২১.১২

(১৫২৫৩)
মূল্য : টাকা ৮.০০

চৌহদি:

উত্তরে—একই সিটের বি.এস ৫০৫ দাগের জমি।

দক্ষিণে—টেকনাফ স্থল বন্দর ও সারেং খাল।

পূর্বে—নাফ নদী।

পশ্চিমে—টেকনাফ-কর্বাজার মহাসড়ক।

২। এ প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কামাল উদ্দিন আহমেদ
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd